



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৮৯

তারিখ: ১৮ জৈষ্ঠ ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিষয়: **M.V. THANG LONG (Voy-2)** জাহাজে আমদানিকৃত মোট ১০১৬০ মে.টন আতপ চালের চলাচল সূচি

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৮/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৮০২.৫০.০০৮.২০.১১৪৫ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৮/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৮৮.০১২.২০.৭৮২ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নগদ ক্রয় চুক্তি নং-১১৬ (প্যাকেজ-০৫) তারিখ : ১৪/০১/২০২১ এর অধীনে চট্টগ্রাম বন্দরে ৮৫০০ মে.টন বস্তাবন্দি আতপ চাল নিয়ে MV. THANG LONG (Voy 2) জাহাজটি আগামী ২৮/০২/২০২১ খ্রি. তারিখে চট্টগ্রাম বহির্নির্জারে আসার সম্ভাবনা রয়েছে মর্মে স্থানীয় শিপিং এজেন্ট কর্তৃক জানানো হয়েছে। পত্রে আরও উল্লেখ করা হয়েছে, ১৭/১২/২০২০ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সাথে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ও অংশীজনের অনুষ্ঠিত মতবিনিময় সভার গৃহিত সিদ্ধান্তের আলোকে প্রেরিত প্রস্তাবনা অনুযায়ী খাদ্য অধিদপ্তর কর্তৃক চলাচল সূচি জারির সময় আন্তঃজেলা সূচির পাশাপাশি ৫০:৫০ অনুপাতে স্থানীয় সূচি জারি এবং জাহাজের বি/এল পরিমাণ হতে কমপক্ষে ২০% বেশি চলাচল সূচি জারি, প্রাপক কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করে প্রাপক কেন্দ্রভিত্তিক সূচির পরিমাণ দুট খালাস উপযোগী পরিমাণে নির্ধারণে বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা আবশ্যিক। জাহাজের চাল দুট খালাসের স্বার্থে MV. THANG LONG (Voy 2) জাহাজে পরিবাহিত ৮৫০০ মে.টন আতপ চালের চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কৃতক সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

নগদ ক্রয়ের মাধ্যমে চট্টগ্রাম বন্দরে আগতব্য চালবাহী MV. THANG LONG জাহাজ খালাসের জন্য বিভিন্ন এলএসডি/সিএসডি তে ভিজিডি, খাদ্যবান্ধব কর্মসূচি, ওএমএস, ভিজিএফ, ভারত প্রত্যাগত শরণার্থী, জেএসএস, জিআর ইত্যাদি খাতে এপ্রিল'২০২১ মাসে বিতরণের নিরিত এবং জাহাজ খালাস ত্বরান্বিত করার স্বার্থে চট্টগ্রামস্থ এলএসডি/সিএসডি সমূহ মজুত গড়ার জন্য আতপ চালের চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে চালের চাহিদা প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডি/সিএসডি তে বিভিন্ন খাতের চাহিদা পূরণের লক্ষ্যে এবং দুট জাহাজের চাল খালাসের স্বার্থে সড়ক পথে মোট ১০১৬০ মে.টন আতপ চালের চলাচলসূচি নিয়োক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|-------------|----------------|-------------|----------------|----------------|------|-----|---------|
|---------|-------------|----------------|-------------|----------------|----------------|------|-----|---------|

| | | | | | | | | |
|-----|-----------|---|------------|-----------------------|-----|----------------------|------------|---|
| ১. | চট্টগ্রাম | চট্টগ্রাম বন্দর/ চট্টগ্রাম সাইলো জেটি | রাঙামাটি | লংগদু এলএসডি | ১০০ | আমদানিকৃত আতপ চাল | সড়ক পথ | চসনি, চট্টগ্রাম/ আখানি, চট্টগ্রাম/ সংশ্লিষ্ট জেখানি প্রযোজ্য ক্ষেত্রে উপসূচি জারি করবেন |
| ২. | ঞ | ঞ | ঞ | রাজস্থলী এলএসডি | ৫০ | ঞ | ঞ | |
| ৩. | ঞ | ঞ | ঞ | বাঘাইছড়ি এলএসডি | ২০০ | ঞ | ঞ | |
| ৪. | ঞ | ঞ | ঞ | রাঙামাটি এলএসডি | ২০০ | ঞ | ঞ | |
| ৫. | ঞ | ঞ | ঞ | কাটুখালী এলএসডি | ৩০ | ঞ | ঞ | |
| ৬. | ঞ | ঞ | ঞ | বড়ইছড়ি এলএসডি | ৩০ | ঞ | ঞ | |
| ৭. | ঞ | ঞ | খাগড়াছড়ি | পানছড়ি এলএসডি | ১০০ | ঞ | ঞ | |
| ৮. | ঞ | ঞ | ঞ | খাগড়াছড়ি এলএসডি | ২০০ | ঞ | ঞ | |
| ৯. | ঞ | ঞ | ঞ | গুইমারা এলএসডি | ১০০ | ঞ | ঞ | |
| ১০. | ঞ | ঞ | ঞ | মানিকছড়ি এলএসডি | ৬০ | ঞ | ঞ | |
| ১১. | ঞ | ঞ | কক্সবাজার | টেকনাফ এলএসডি | ৭৫০ | ঞ | ঞ | |
| ১২. | ঞ | ঞ | ঞ | উথিয়া এলএসডি | ৭৫০ | ঞ | ঞ | |
| ১৩. | ঞ | ঞ | ঞ | কক্সবাজার এলএসডি | ১৫০ | ঞ | ঞ | |
| ১৪. | ঞ | ঞ | ঞ | গোরকঘাটা এলএসডি | ২০০ | ঞ | ঞ | |
| ১৫. | ঞ | ঞ | ঞ | চিরিঙ্গা এলএসডি | ৫০০ | ঞ | ঞ | |
| ১৬. | ঞ | ঞ | বান্দরবান | আলিকদম এলএসডি | ১০০ | ঞ | ঞ | |
| ১৭. | ঞ | ঞ | ঞ | লামা এলএসডি | ১০০ | ঞ | ঞ | |
| ১৮. | ঞ | ঞ | ঞ | আজিজনগর এলএসডি | ৬০ | ঞ | ঞ | |
| ১৯. | ঞ | ঞ | ঞ | বান্দরবান এলএসডি | ২০০ | ঞ | ঞ | |
| ২০. | ঞ | ঞ | চট্টগ্রাম | নাজিরহাট এলএসডি | ৬০ | ঞ | ঞ | |
| ২১. | ঞ | ঞ | ঞ | রাউজান এলএসডি | ৩০ | ঞ | ঞ | |
| ২২. | ঞ | ঞ | ঞ | রাঙ্গুনিয়া এলএসডি | ৫০ | ঞ | ঞ | |
| ২৩. | ঞ | ঞ | ঞ | সাতকানিয়া এলএসডি | ৫০ | ঞ | ঞ | |

| | | | | | | | |
|-----|---|---|---|----------------------|----------------|---|---|
| ২৪. | ঞ | ঞ | ঞ | লোহাগাড়া এলএসডি | ৩০ | ঞ | ঞ |
| ২৫. | ঞ | ঞ | ঞ | চাঁনপুরঘাট এলএসডি | ৩০ | ঞ | ঞ |
| ২৬. | ঞ | ঞ | ঞ | আনোয়ারা এলএসডি | ৩০ | ঞ | ঞ |
| ২৭. | ঞ | ঞ | ঞ | দেওয়ানহাট সিএসডি | ৩০০০ (+/-) | ঞ | ঞ |
| ২৮. | ঞ | ঞ | ঞ | হালিশহর সিএসডি | ৩০০০ (+/-) | ঞ | ঞ |
| | | | | মোট = | ১০১৬০ (+/-) | | |

নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত [১১/০৫/২০১৯](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি/চসনির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভোত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুক্তে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উভে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাঁক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ভৱিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-

ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরণ কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। দুট জাহাজ খালাসের লক্ষ্য যাতে জটিলতা সৃষ্টি না হয় সেজন্য চসনি, চট্টগ্রাম উপ-সূচির মেয়াদ নির্ধারণ করবেন;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোরাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



১-৮-২০২১

মোঃ ফজলে রামী হায়দার
উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৮৯/১(৯)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭
০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের
অনুরোধ করা হলো)
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
৮) ব্যবস্থাপক সিএসডি
৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি



১-৪-২০২১

মোঃ ফজলে রাক্মী হায়দার

উপপরিচালক